## ১৩ জুন শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়ার সিদ্ধান্ত




করোনা মহামারীর কারণে বন্ধ থাকা শিক্ষাপ্রতিষ্ঠান আগামি ১৩ জুন থেকে খুলে দেয়ার প্রাথমিক সিদ্ধান্ত হয়েছে। বুধবার দুপুরে শিক্ষামন্ত্রী দীপু মনি ভার্চুয়াল সংবাদ সম্মেলন থেকে এই সিদ্ধান্তের কথা জানি-য়েছেন। পাশাপাশি তিনি শিক্ষা প্রতিষ্ঠানের চলমান ছুটি ১২ জুন পর্যন্ত বাড়ানোর ঘোষণা দেন। এর আগের ঘোষণা অনুযায়ী ২৯ মে পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ছিল।

শিক্ষামন্ত্রী বলেন, আগামী ১৩ জুন থেকে শিক্ষাপ্রতিষ্ঠান খুলে দেয়ার সিদ্ধান্ত প্রাথমিকভাবে গৃহিত হয়েছে। বিস্তারিতঃ পৃষ্ঠা ২

## এবার হজ্বের সুযোগ পাবেন ৬০ হাজার হজ্বযাত্রী



কোভিড-১৯ মহামারির প্রাদুর্ভাবের পর চলতি বছর (২০২১ সালে) বিশ্বের সব দেশ থেকে ৬০ হাজার মানুষকে হজ্ব পালনের অনুমতি দেবে সৌদি। দেশটির স্বাস্থ্য মন্ত্রণালয়ের সূত্রে এ তথ্য জানিয়েছে হারামাইন ডটইনফো। খবর সিয়াসাত ডটকম।

সৌদি আরবের স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, বিদেশিদের জন্য আগামী জুলাই মাসে বার্ষিক হজ কার্যক্রমে অংশগ্রণের সুযোগ দেবে দেশটি। তবে মহামারি করোনার প্রাক-প্রাথমিক সময়েল তুলনায় এবার আরও কম হবে। (বিস্তারিতঃ পৃষ্ঠা ৩)

## বেনাপোলে ১০ কেজি গাঁজাসহ মাদক বিক্রেতা রায়হান গ্রেফতার



মো. রাসেল ইসলাম, যশোর জেলা প্রতিনিধি:
যশোরের বেনাপোল ধান্যখোলা গ্রাম এলাকায় অভিযান চালিয়ে ১০ কেজি গাঁজা সহ রায়হান উদ্দিন মিলন (৪০) নামে এক মাদকবিক্রেতাকে গ্রেফতার করেছে বেনাপোল পোর্ট থানা পুলিশ।

সোমবার (২৪ মে) রাত ১১টার সময় গোপন সংবাদের ভিত্তিতে এসআই মাসুম বিল্লাহ, এস.আই শফি আহম্মেদ রিয়েল সঙ্গীয় ফোর্স নিয়ে ভারতীয় গাঁজা সহ একজন মাদক বিক্রেতাকে গ্রেফতার করে। গ্রেফতার মাদক বিক্রেতা রায়হান উদ্দিন ৪নং ঘিবা গ্রামের মীর কাশেমের ছেলে।

বেনাপোল পোর্ট থানার অফিসার ইনচার্জ মামুন খান জানান, গোপন সংবাদের ভিত্তিতে ধান্যখোলা গ্রামের হাইস্কুল মাঠের পিছন থেকে ১০ কেজি গাঁজাসহ মাদক বিক্রেতা রায়হানকে হাতেনাতে গ্রেফতার করা হয়। গ্রেফতার মাদক বিক্রেতা রায়হান এর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা প্রক্রিয়াধীন রয়েছে।

## স্বাস্থ্যবিধি নেই স্বাস্থ্য মন্ত্রীর অনুষ্ঠানে



দেশে চীনের তৈরি সিনোফার্মের টিকাদান কার্যক্রম উদ্বোধন করেছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। অনুষ্ঠানে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন তিনি। সেখানে উপস্থিত মানুষ ও গণমাধ্যমকর্মীদের মধ্যে ছিল না কোনও স্বাস্থ্যবিধি বা সামাজিক দূরত্ব।

অনুষ্ঠানে যারা উপস্থিত ছিলেন তারাই স্বাস্থ্যবিধি মানার বিষয়ে সবসময় সোচ্চার থাকেন। কিন্তু পাবলিক পরিসরে যদি তা না মানেন তাহলে সাধারণ মানুষের কাছে ভুল তথ্য যাওয়ার শঙ্কা থাকে। তিনি বলেন-
*(বিস্তারিতঃ পৃষ্ঠা ৩)*

## টিকা নেয়া থাকলে সৌদি গিয়ে কোয়ারেন্টাইন লাগবে না



**বাংলা এক্সপ্রেস ডেস্কঃ** অনাবাসিক এবং প্রথমবারের জন্য দর্শনার্থী- যারা করোনা টিকার উভয় ডোজ নিয়েছেন এবং দ্বিতীয় ডোজ টিকা দেওয়ার ১৪ দিন শেষ করেছেন, তাদের সৌদিতে পৌঁছে কোয়ারেন্টাইনে থাকতে হবে না বলে জানিয়েছে রাষ্ট্রীয় বিমান সংস্থা বিমান বাংলাদেশ এয়ার-লাইনস।

বিমান এ সংক্রান্ত একটি বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। সেখানে বলেছে, কোয়ারেন্টাইনে না থাকতে যাত্রার সময় অবশ্যই স্বাস্থ্য মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে টিকা নেওয়ার প্রমাণপত্র সঙ্গে রাখতে হবে।

এ ছাড়া, আবাসিক বা ইকামা ধারক, যারা সৌদি আরব থেকে তাওয়া -কলা অ্যাপের মাধ্যমে আবেদন করে করোনার প্রথম বা দ্বিতীয় (উভয় বা যেকোনো একটি) টিকা নিয়েছেন এবং যাদের অবস্থান অ্যাপে (ওসসঁহব) অবস্থায় আছে, তাদের সৌদি আরবে গিয়ে কোয়ারেন্টাইনে থাকতে হবে না।

## আলফাডাঙ্গায় আশ্রায়ন প্রকল্পের কাজ পরিদর্শন করেন প্রকল্পের উপপরিচালক



**এটি এম মুন্নু মিয়াঃ** ১৯ মে (বুধবার) দুপুর ১টায় আলফাডাঙ্গা উপ-জেলার ২নং গোপালপুর ইউনিয়নের খোলাবাড়িয়া আশ্রায়ন প্রকল্পের ঘরনির্মাণের নিমিত্তে মাটিভরাট কাজের অগ্রগতি পরিদর্শন করেন জনাব মোহাম্মদ আসলাম মোল্লা, উপ পরিচালক, স্থানীয় সরকার, ফরিদপুর ও সদস্য সচিব, আশ্রায়ন প্রকল্পের জেলা মনিটরিং কমিটি।

এসময় উপস্থিত ছিলেন আলফাডাঙ্গা উপজেলা নির্বাহী কর্মকর্তা তৌহিদ এলাহী ,উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট মো.মাহবুবুল ইসলাম, পৌরসভার মেয়র সাইফুর রহমান সাইফার, আলফাডাঙ্গা উপজেলা ভাইস চেয়ারম্যান শেখ দেলোয়ার হোসেন ও লায়লা পারভীন এবং সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান-গণ, পি আই ও, উপজেলা ইঞ্জিনিয়ার, ও স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ।

## বেনাপোল বন্দরে খুলনা বিভাগীয় কমিশনারের মতবিনিময় সভা অনুষ্ঠিত




যশোর জেলা প্রতিনিধি: ভারত ফেরত বাংলাদেশীদের প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিন বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে মত বিনিময় সভা করেছেন খুলনা বিভাগীয় কমিশনার। বুধবার বিকাল ৫টার সময় যশোর জেলা প্রশাসনের আয়োজনে জেলা প্রশাসক তমিজুল ইসলাম খা-নের সভাপতিত্বে বেনাপোল স্থলবন্দর সম্মেলন কক্ষে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন খুলনা বিভাগীয় কমিশনার মো. ইসমাইল হোসেন (এনডিসি)। এসময় আরো উপস্থিত ছিলেন, যশোর জেলার পুলিশ সুপার প্রলয় কুমার জোয়ার্দার, বেনাপোল কাস্টমস কমিশনার মো. আজিজুর রহমান, যশোর ৪৯ ব্যাট-ালিয়ন বিজিবির সিও লে.কর্নেল সেলিম রেজা ও উপ-অধিনায়ক মেজর তৌফিক মাহমুদ, যশোর জেলার সিভিল সার্জন মো. আবু শাহিন, বেন-াপোল স্থলবন্দর পরিচালক (ট্রাফিক), মো. আব্দুল জলিল, বেনাপোল স্থলবন্দর উপ-পরিচালক (ট্রাফিক) মামুন তরফদার, নাভারন সার্কেল এএসপি জুয়েল ইমরান, যশোর জেলার সহ: ভূমি কমিশনার ইউসুফ আলী,
*(বিস্তারিতঃ পৃষ্ঠা ৩)*

করোনা মহামারীতে নিজেকে ও নিজের পরিবারের সুরক্ষায়
মাস্ক ব্যবহার করুন



আপনার সচেতনতা পুরো বিশ্বকে নিরাপত্তা প্রদানে সহায়ক হবে।
জন সচেতনতায়ঃ
এ.কে.এম. জাহিদুল হাসান (জাহিদ)
চেয়ারম্যান, আলফাডাঙ্গা উপজেলা পরিষদ
আলফাডাঙ্গা, ফরিদপুর।




সম্পাদক ও প্রকাশকঃ মোঃ হারুনুর রশীদ, নির্বাহী সম্পাদকঃ মামুনুর রশীদ, বার্তা সম্পাদকঃ ইয়াসিন সেলিম, সহ-বার্তা সম্পাদকঃ আব্দুল্লাহ আল শাহীন, বিভাগীয় সম্পাদকঃ আজিজুর রহমান দুলাল,
আমিরাত ব্যুরোঃ সৈয়দ খোরশেদ আলম । প্রকাশক কর্তৃক ১০/সি, নয়া পল্টন (নিচতলা), ঢাকা-১০০০, বাংলাদেশ থেকে প্রকাশিত ও পারভেজ প্রিন্টিং প্রেস এন্ড প্যাকেজিং, ২৬৬/১ ফকিরাপুল, ঢাকা-১০০০, বাংলাদেশ থেকে মুদ্রিত।



আপনার শিক্ষামূলক গল্প, কবিতা ও রেসিপি পাঠানোর শেষ তারিখ প্রতি সপ্তাহের
বৃহস্পতিবার

bangla express
# বাংলা এক্সপ্রেস
দেশে ও প্রবাসে বাংলার মুখপত্র

মুজিব শতবর্ষ MUJIB 100

রেজিষ্টার্ডঃ ঢা.প্র.জেঃ ৬০৫১ | ১২ বর্ষ | সংখ্যা - ১৯ | সোমবার | ৩১ মে ২০২১ | ১৭ জৈষ্ঠ ১৪২৮ | মূল্যঃ ৮ টাকা

## শোচনীয় অবস্থায় ১৫ লাখ বেসরকারি শিক্ষক



মাধ্যমিক, কারিগরি, মাদ্রাসা, কিন্ডারগার্টেন, কলেজ মিলিয়ে বাংলাদেশে প্রায় ১৫ লাখ বেসরকারি শিক্ষকদের অধিকাংশের অবস্থা এখন শোচনীয় বলে জানিয়েছে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট। সংগঠনটি জানিয়েছে, এই ১৫ লাখ শিক্ষকদের মধ্যে মাত্র ৫ শতাংশ কারি গরি শিক্ষা প্রতিষ্ঠানের বেতন দেয়ার সামর্থ্য আছে। একই সঙ্গে, দরিদ্র শিক্ষার্থীদের ঝরে পড়া ঠেকাতে তাদেরকে ও আর্থিক সহায়তার আওতায় আনতে ক্ষতিগ্রস্থ শিক্ষক-শিক্ষার্থী কর্মকর্তা কর্মচারীদের জন্য আর্থিক প্রণোদনা ঘোষণার দাবি জানিয়েছে ছাত্রফ্রন্ট।

বৃহস্পিতিবার (২৭মে) সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের আয়োজনে জাতীয় প্রেস-ক্লাবের সামনে বাজেটের ২৫ শতাংশ শিক্ষা খাতে বরাদ্দ সহ ৪ দফা দাবিতে আয়োজিত এ অনুষ্ঠানে সংগঠনটির নেতারা এসব দাবি করেন। এ দিন সংগঠনের এসব দাবির বিষয়ে অর্থ মন্ত্রীর কাছে স্মারকলিপি দেওয়া হয়। প্রচার ও প্রকাশনা সম্পাদক রাফিকু জ্জামান ফরিদের সঞ্চালনায় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি মাসুদ রানা। এতে আর ও বক্তব্য রাখেন, অর্থ সম্পাদক প্রগতি বর্মণ তমা, সদস্য অরুপ দাস শ্যাম।

## আলফাডাঙ্গায় আ:লীগ নেতার বাড়িতে হামলা গাড়ি ভাঙচুরের অভিযোগ



ফরিদপুরের আলফাডাঙ্গা উপজেলার পাচুড়িয়া ইউনিয়নের ধুলজুড়ি গ্রামের এক আওয়ামী লীগ নেতার বাড়িতে প্রতিপক্ষের লোকজন হামলা চালিয়ে মালামাল লুটপাট ও ওই নেতার প্রাইভেটকার গাড়ি ভাঙচুরের অভিযোগ পাওয়া গেছে। ২১ মে শুক্রবার সকালে এ হামলার ঘটনা ঘটে। ... বিস্তারিতঃ পৃষ্ঠা ২

## আলফাডাঙ্গায় অতিরিক্ত পুলিশ সুপার আনিসুজ্জামান এর বিদায় সংবর্ধনা



আজিজুর রহমান দুলালঃ
২৩ মে (রবিবার) ফরিদপুর জেলার আলফাডাঙ্গা থানা প্রাঙ্গণে আলফা ডাঙ্গা থানার পক্ষ থেকে সন্ধ্যা ৭টায় মধুখালী সার্কেল অতিরিক্ত পুলিশ সুপার জনাব আনিসুজ্জামান এর বিদায় সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। **(বিস্তারিতঃ পৃষ্ঠা ২)**

## প্রবাসীদের দূতাবাস ও কনস্যুলেটের ফেসবুক পেজের সঙ্গে যুক্ত থাকার আহ্বান



নিজস্ব প্রতিবেদকঃ সংযুক্ত আরব আমিরাতে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকের অফিসিয়াল পেজের সঙ্গে যুক্ত থাকার আহ্বান জানান হয়েছে। দুবাই বাংলাদেশ কনস্যুলেটের ভারপ্রাপ্ত কনসাল জেনারেল মো. সাহেদুল ইসলাম বাংলাদেশ প্রেসক্লাব ইউএই এর সাংবাদিকদের মাধ্যমে প্রবাসীদের কাছে এই আহ্বান জানান। **বিস্তারিতঃ পৃষ্ঠা ২**

## দুবাই প্রবাসী ভাইকে নিয়ে ঈদ করা হলো না আসুক আহমেদের



দুবাই প্রবাসী বড় ভাইকে নিয়ে আর ঈদ করা হলো না ছোট ভাই আসুকের। মৌলভী বাজারের কুলাউড়া উপজেলায় প্রাইভেট কার নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সঙ্গে ধাক্কা লেগে আসুক আহমদ নামে এক যুবক নিহত হয়েছেন। পুলিশ ও এলাকাবাসী জানায়, একটি প্রাইভেট কার নিয়ে ঢাকার শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে দুবাই প্রবাসী বড় ভাই মাসুক আহমদকে আনতে যান ছোট ভাই আসুক আহমদ। ... **বিস্তারিতঃ পৃষ্ঠা ২**

আর এম ফ্যাশন জুয়েলারী
নিউ মার্কেট (দোতলা), আলফাডাঙ্গা বাজার, ফরিদপুর। মোবাইলঃ ০১৭৫৮ ৬৮৯৫১৫

## স্বাস্থ্য ও জীবন বীমা করার নির্দেশ পুঁজিবাজার সংশ্লিষ্টদের




নিজস্ব প্রতিবেদক : পুঁজিবাজারে সংশ্লিষ্ট সব প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের স্বাস্থ্য ও জীবন বিমা করার নির্দেশ দিয়েছে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)। করোনা সংক্রমণের প্রাদুর্ভাব বেড়ে যাওয়ায় কারণে এ নির্দেশনা দেয়ার সিদ্ধান্ত নিয়েছে কমিশন।... **বিস্তারিতঃ পৃষ্ঠা ২**

## দুবাইতে ৪৬ কোটি টাকায় বিক্রি হলো ভাসমান বাড়ি



দুবাই অফিসঃ সম্প্রতি লঞ্চ করা প্রথম ইউনিটটি কিনেছেন দুবাই-ভিত্তিক এক ব্যবসায়ী বালভিন্দার সাহানি। স্থানীয়ভাবে, আবু সাবাহ নামেও পরিচিত এই ধনকুবের। এ জন্য ২ কোটি দিরহাম বা ৪৬ কোটি টাকা দাম দিয়েছেন সাগরের নীল জলরাশির মাঝে এক টুকরো ভাসমান বাড়ির । ধনীদের খেয়াল মেটানোর উপযুক্ত জিনিস হলেও আরব আমিরাত ভিত্তিক জাহাজ নির্মাতা সীগেট শিপইয়ার্ড ভাসমান ক্ষুদে রিসোর্ট ইউনিটই লঞ্চ করেছে। এটি বিশ্বের প্রথম ভাসমান ও পরিবেশ বান্ধব বাড়ি বলেও দাবি কোম্পানিটির। (বিস্তারিতঃ পৃষ্ঠা ৩)

## 'তালিকভুক্ত আলবদরের নাম মুক্তিযোদ্ধা তালিকায়' মত্যুর পর রাষ্ট্রীয় সম্মাননা নিবেন না যুদ্ধকালীন কমান্ডার



**লিটু সিকদার, বোয়ালমারীঃ** ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধের সময় স্বাধী-নতা বিরোধীরা ও মুক্তিযুদ্ধে অংশ গ্রহণ না করেও অনেকে মুক্তিযোদ্ধা তালিকায় অন্তর্ভূক্ত হয়েছে। এমন কি যারা সে সময় মুক্তিযুদ্ধের বিপক্ষে ছিল, রাজাকার আলবদর তাদেরও অনেকের নাম মুক্তিযোদ্ধা তালিকায় এসেছে। তাছাড়া উপজেলা যাচাই বাছাই কমিটি যাদের 'খ' ও 'গ' না মঞ্জুর তালিকার নাম জামুকায় পাঠিয়েছে তাদের নামও সারা দেশের সমন্বিত মুক্তিযোদ্ধা তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে। ...**বিস্তারিতঃ পৃষ্ঠা ৩**

আজই আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন
জেনিথ ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিঃ
Zenith Islami Life Insurance Ltd.
ইসলামী শরী'য়াহ মোতাবেক পরিচালিত
জোনাল অফিসঃ নাজমা মেডিকেয়ার ভবন
কলেজ রোড, আলফাডাঙ্গা, ফরিদপুর
www.zenithlifebd.com অফিসঃ ০১৮৭৩-৬৮৯৫১৫

# সম্পাদকীয়

## কেউ বাঁচাতে-কেউ মারতে আমাদের পৃথিবীকে

মহামারী প্রাণঘাতী করোনার কষাঘাতে এক দিকে সারা পৃথিবী আজ অসুস্থ। ইতালী, ব্রাজিল ও ইউরোপীয় দেশগুলো আজ লন্ডভন্ড হয়ে গেছে করোনার বিষাক্ত ছোবলে। কেউ বা ভ্যাকসিন নিয়েই সন্তষ্ট; আবার কেউ বা আছে প্রতিষেধক টিকার আশায়। একই টিকা এক দেশে ভাল কাজ করছে, আবার অন্য দেশে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি করছে। হয়তো আবহাওয়া স্যুট করছেনা তার কার্য প্রক্রিয়ায়। প্রতিবেশী রাষ্ট্র ভারতেও বিরামহীন গতিতে বাড়ছে করোনায় মৃত্যুর মিছিল; থামছেনা কোন মতেই।


এমতাবস্থায় আল্লাহ আমাদের প্রতি অবশ্যই সদয় আছেন, তাই বাংলাদেশ সরকারও ধাপে ধাপে বিভিন্ন পদক্ষেপ নেবার কারণে এখনো আমরা অনেক ভাল আছি।

স্বাস্থ্য বিজ্ঞানীরা গ্রহ-নক্ষত্রে খুজে বেড়াচ্ছে করোনার উৎপত্তিস্থল ও প্রতিষেধক টিকা। বারবার চেষ্টা করেও ব্যর্থ আজ মানবজাতি। একদিকে যখন মানুষ বাঁচাতে মানবতার শ্লোগান নিয়ে মেতে উঠেছেন স্বাস্থ্য বিজ্ঞানীরা; অপর দিকে বিশ্ব মোড়লরা ব্যস্ত হয়ে পড়েছে ছোট্ট ফিলিস্তিনের ভু-খন্ড নিয়ে ভাগাভাগিতে। ইসরাইলের বোমা আর ক্ষেপনাস্ত্রের আঘাতে মৃত্যুর প্রহর গুনছে ক্ষত-বিক্ষত জেরুজালেমের নিরীহ মুসলমানেরা। অপারগতা স্বীকার না করেই নীরবে তখন তসবীহ পড়ছেন মুসলমানদের ঐক্য সংস্থা ও.আই.সি'র সদস্য দেশগুলোর ক্ষমতাকে কুক্ষিগতকরে রাখা নেতারা।

এখন মুসলমান হিসেবে না পারছে ফিলিস্তিনের সমর্থন করতে, না পারছে ইসরাইলের পক্ষ-পাতিত্ব করতে।

অনেক আরব দেশই সরা সরি চলে গেছে নীরবতার ভূমিকায়; কারণ, অদূর ভবিষ্যত না জেনে বুঝেই তারা ইহুদীবাদী রাষ্ট্র ইসরাইলের সাথে স্বাভাবিক করেছে তাদের রাষ্ট্রীয় সম্পর্ক। বিশ্বের ক্ষমতা - সীন দেশগুলো এখন ফিলিস্তিনকে কেন্দ্র করে বিভিন্ন ভাবে তৈরী করছে ক্ষমতার বলয়। অনেকেই মনে করছেন তৃতীয় বিশ্বযুদ্ধের দামামা বাজতে পারে এই ফিলিস্তিনকেই কেন্দ্র করে।

পারমানবিক বোমা আর এখন বিজয়ের শক্তি হিসেবে দেখছে না তারা; বরং মহাকাশ কেন্দ্রিক শক্তিকে কাজে লাগাতে ব্যস্ত হয়ে পড়ছে এখন বিশ্ব মোড়লরা। কেউ বা মঙ্গল গ্রহে বসবাসের চিন্তায় চষে বেড়াচ্ছে সেই লাল গ্রহের নিস্প্রাণ অক্সিজেন বিহীন ধুলোমাটি, তো কেউ চাঁদের বুকে ঘুড়ি উড়াতে মহাকাশে স্থাপন করতে যাচ্ছে স্থায়ী ষ্টেশন। মহাকাশ কে কাজে লাগিয়ে "ষ্টার ওয়ার"এর মাধ্যমে হয়তো হবে শক্তি প্রদর্শন ও এ সুন্দর পৃথিবী ধ্বংসযজ্ঞের মহাযাত্রা।


সেরাজেম
থারমাল থেরাপী সেন্টার
(গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনুমোদিত)
দক্ষিন কোরিয়ার এক আধুনিক সাড়া জাগানো বৈপ্লবিক বৈজ্ঞানিক চিকিৎসা পদ্ধতি "সেরাজেম" থার্মাল আকুপ্রেসার মেশিন, যা এখন বিশ্বের ৮০ টিরও বেশী দেশে ব্যবহার করা হচ্ছে। এর ব্যবহারের মাধ্যমে মানব দেহের অনেক রোগ থেকে মুক্তি পাওয়া যায় ও রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে।

ডাক্তার সুলতানা
(ডি.এইচ.এম.এস. ঢাকা)
দক্ষিণ কোরিয়ার সেরাজেম থারমাল থেরাপী সিস্টেমে বিশেষভাবে প্রশিক্ষণ প্রাপ্ত
সময়ঃ (মহিলাদের জন্য) সকাল ৯টা হতে বিকাল ৩টা
(পুরুষদের জন্য) দুপুর ৩টা হতে বিকাল ৫টা
নাজমা মেডিকেয়ার
আর.এম.সেন্টার, কলেজ রোড, আলফাডাঙ্গা
মোবাইলঃ ০১৭৫৮-৬৮৯৫১৫। ০১৬৩৮-৭২৮৪৫৬


## আলফাডাঙ্গায় আঃ লীগ নেতার গাড়ি ভাঙচুর

*প্রথম পৃষ্ঠার পর...*এ ঘটনায় হামলাকারীদের বিরুদ্ধে থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন। সরেজমিনে গিয়ে জানা যায়, স্থানীয় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে পাচুড়িয়া ইউপি চেয়ারম্যান এস এম মিজানুর রহমান ও তার নির্বাচনী প্রতিদ্বন্দ্বী খালেদ মোশারোফ রঞ্জুর মধ্যে গত ইউনিয়ন পরিষদ নির্বাচনের পরথেকে বিরোধ চলে আসছে।

গত বৃহস্পতিবার (২০ মে, ২০২১) সন্ধ্যায় দুই গ্রুপের দুই যুবকের মধ্যেমোবাইলে কথোপকথনে বাকবিতান্ডা হয়ে হাতাহাতি ও এক পর্যায়ে খালেদ মোশারোফ রঞ্জুর ভাই লিপন ও লিপনের ছেলে এবং রফিককে পিটিয়ে মারত্মক আহত করে পাচুড়িয়া ইউপি চেয়ারম্যান এস এম মিজানুর রহমানের সমর্থক লোকজন। এ ঘটনায় তিনজন আহত হয়। আহতদের মধ্যে মোঃ রফিক ও লিপন কে আল-ফাডাঙ্গা উপজেলা স্বাস্থ্যকমপেক্সে চিকিৎসা দেয়া হয়েছে এবং লিপনের ছেলেকে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে।

খবর পেয়ে খালেদ মোশারোফ রঞ্জুর সমর্থক লোকজন এসে উপস্থিত হলে স্থানীয় রেড়ীর হাট বাজারে উভয় পক্ষের মধ্যে ধাওয়া পাল্টা ধাওয়া হয়।

এরই সূত্র ধরে শুক্রবার সকালে মিজান চেয়ারম্যা-নের সমর্থকরা দেশীয় অস্ত্রে সজ্জিত হয়ে বেড়িরহাটে অবস্থান নেয় এবং অপর একটি গ্রুপ রঞ্জু সরদারের বাড়িতে হামলা চালায় বলে একাধিক সূত্র জানায়।


এ সময় বাজারে আতঙ্ক ছড়িয়ে পড়লে লোকজন দিক-বিদিক হয়ে ছুটোছুটি করে সরে যাওয়ায় কোন প্রকার অপৃতিকর ঘটনা ঘটেনি।

হামলা ও ভাঙচুরের ঘটনা শিকার করে আলফাডাঙ্গা থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. ওয়াহিদুজ্জামান বলেন পশ্চিম চর নারানদিয়া গ্রামেরজাফর সরদারের স্ত্রী রেখা বেগম বাদি হয়ে ১৩ জনকে আসামী করে ও ১০-১৫ জনকে অজ্ঞাত আসামী করে একটি মামলা দায়ের করেছে। মামলা নং- ১২, তারিখ-২২/০৫/২০২১ ইং।

এদিকে মারামারির ঘটনায় পাঁচ যুবককে আটক করা হয়। এদের মধ্যে ৪ জন কে শনিবার বেলা আড়াই টার দিকে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে ২২ হাজার টাকা জরিমানা করা হয়। এলাকায় আইন শৃঙ্খলা অবনতির কাজে জড়িত থাকায় দঃ বিঃ ১৮৬০ এর ১৪৭ ধারায় এদন্ড প্রদান করেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মাহাবুবুর ইসলাম।

এছাড়া দন্ড প্রাপ্তরা সংশোধিত না হলে পরবর্তী-তে দুই পক্ষের বিরুদ্ধেই কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।এ বিষয়ে মধুখালী সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার (এ.এস.পি) আনিসুজ্জামান জানান- উভয় পক্ষের পাল্টাপাল্টি অভিযোগ পেয়েছি। এক পক্ষের মামলা রেকর্ড হয়েছে। অন্য আবেদনটি প্রক্রিয়াধীন রয়েছে। এলাকায় শান্তি শৃঙ্খলা বজায় রয়েছেএবং পুলিশি টহল অব্যাহত রয়েছে।

## "ঈদের আনন্দ ঘরে ঘরে"



**"ঈদের আনন্দ ঘরে ঘরে"** এই প্রতিপাদ্য কে সামনে রেখে ব্যক্তিগত তহবিল থেকে ১০০টি পরিবারের মাঝে ঈদ উপহার (সেমাই, চিনি, দুধ) নিয়ে বাড়ি বাড়ি গিয়ে দুস্থ, গরীব এবং আলফাডাঙ্গা পৌর এলাকার ভিতরে যারা ভিক্ষা করেন তাদের মাঝেও এই উপহার সামগ্রী পৌছে দিলেন আলফাডাঙ্গা উপজেলার বিশিষ্ট রাজ-নিতিবিদ ও সমাজ সেবক আলফাডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি সোলায়মান আহমেদ।

## ঈদ করা হলো না আসুক আহমেদের

প্রাইভেটকার নিয়ে মঙ্গলবার (১১ মে) সকালে কুলাউড়ার ব্রাহ্মণবাজার এলাকার ডুলিপাড়া এলাকায় পৌঁছলে নিয়ন্ত্রণ হারিয়ে একটি গাছের সঙ্গে ধাক্কা লেগে দুই ভাই ও চালক আহত হন।

স্থানীয়রা আহত আসুক আহমদ, তার বড়ভাই দুবাই প্রবাসী মাসুক আহমদ ও গাড়িচালককে উদ্ধার করে মৌলভীবাজার ২৫০ শয্যা বিশিষ্ট সদর হাসপাতালে নিয়ে গিলে কর্তব্যরত চিকিৎসক আসুক আহমদকে মৃত ঘোষণা করেন। নিহত আসুক আহমদ জুড়ী উপজেলার বেলাগাঁও গ্রামের মৃত ইদ্রিস আলীর ছেলে।

## স্বাস্থ্য ও জীবন বীমা করার নির্দেশ পুঁজিবাজার সংশিষ্টদের

*প্রথম পৃষ্ঠার পর...*বীমা করার নির্দেশনা দিয়ে সম্প্রতি একটি সার্কুলারও জারি করেছে বিএসইসি। বীমা করা সংক্রান্ত সার্কুলারে উল্লেখ করা হয়েছে, গত ২৬ এপ্রিল অনুষ্ঠিত কমিশনের ৭৭১তম কমিশন সভায় পৃথিবীর অন্যান্য দেশের মতো বাংলাদেশেও প্রাণঘাতী করোনা সংক্রমণের প্রাদুর্ভাব বেড়ে যাওয়ায় কারণে পুঁজিবাজার সংশ্লিষ্ট সব প্রতিষ্ঠানে কর্মরতদের জন্য স্বাস্থ্য ও জীবন সুরক্ষা সংক্রান্ত বিমা নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

ওই সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডি.এস.ই), চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ (সিএসই), সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল), সেন্ট্রাল কাউন্টারপার্টি বাংলাদেশ লিমিটেডে (সিসিবিএল) এ কর্মরত সব কর্মকর্তা ও কর্মচারীদের জন্য স্বাস্থ্য ও জীবন বিমা পলিসি গ্রহণ করে আগামী ২৫ জুনের মধ্যে বি.এস.ই.সি.কে অবহিত করতে হবে।

এছাড়া পুঁজিবাজারে অন্যান্য প্রতিষ্ঠানকে তাদের প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের জন্য অবিলম্বে স্বাস্থ্য ও জীবন বিমা পলিসি গ্রহণ করে বিএসইসিকে অবহিত করতে বলা হয়েছে।

## ১৩ জুন শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়ার সিদ্ধান্ত

*শেষ পৃষ্ঠার পর.. ...* এ ব্যপারে সবাইকে সহ- যোগিতার মনোভাব নিয়ে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

করোনাভাইরাসের কারণে ১৪ মাস ধরে দেশের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ। এ কারণে প্রাথমিক থেকে উচ্চশিক্ষা পর্যন্ত প্রায় চার কোটি শিক্ষার্থী মারাত্মক সমস্যায় পড়েছে। ক্লাস-পরীক্ষা বন্ধ থাকায় শিক্ষার্থীদের অনেকে ঘাটতি নিয়ে ওপরের ক্লাসে উঠছে। কতটুকু শিখল, সেটাও যাচাই করা যাচ্ছে না।

কয়েক দিন আগে একটি বেসরকারি গবেষণায় দেখা গেছে, করোনা ভাইরাস জনিত বন্ধে প্রাথমিকের ১৯ শতাংশ এবং মাধ্যমিকের ২৫ শতাংশ শিক্ষার্থী শিখতে না পারার বা শিক্ষা ঘাটতির ঝুঁকিতে আছে। এমন অবস্থায় শিক্ষার এ ক্ষতি পুষিয়ে নিতে দীর্ঘমেয়াদি পরিকল্পনার তাগিদ দিচ্ছেন শিক্ষাবিদেরা। তাঁদের অনেকে যেসব এলাকায় সংক্রমণ নেই বা কম, সে সব এলাকায় শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেওয়ারও সুপারিশ করেছেন।

জানা গেছে, এর আগে সরকার করোনা বিষয়ক জাতীয় কারিগরি পরামর্শক কমিটির সঙ্গে পরামর্শ করে ২৩ মে থেকে স্কুল-কলেজ খুলে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছিল। কিন্তু সম্প্রতি করোনাভাইরাসের সংক্রমণ বেড়ে যাওয়ায় এবং ভারতীয় ধরন নিয়ে উদ্বেগ থাকায় চলমান বিধি নিষেধ বৃদ্ধির চিন্তা ভাবনার পাশাপাশি স্কুল-কলেজ খোলা পিছিয়ে ২৯ মে করা হয়েছিল।


bangla express
বাংলা এক্সপ্রেস
প্রতি মূহুর্তের খবর জানতে চোখ রাখুন বাংলা এক্সপ্রেস অনলাইনে।
banglaexpressonline.com
banglaexpress247.com


## পুলিশ সুপার আনিসুজ্জামান এর বিদায়

*প্রথম পৃষ্ঠার পর...*এ সময় বিদায়ী অতিথিকে ফুলেল শুভেচ্ছা ও সম্মাননা স্মারক প্রদান করা হয়। এ উপলক্ষে আলফাডাঙ্গা থানার অফিসার ইনচার্জ ওয়াহিদুজ্জামানের সভাপতিত্বে এসআই মিজা-নুর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন তেলওয়াত করেন আলফাডাঙ্গা থানা মস-জিদের পেশ ইমাম আব্দুর রহমান।

এতে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. মাহবুবুল ইসলাম, আলফাডাঙ্গা সদর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এ. কে. এম. আহাদুল হাসান আহাদ, প্রেস ক্লাবের সভাপতি মোঃ এনায়েত ফকির, থানার অফিসার ফোর্স।

বিদায়ী অতিথি বলেন, মধুখালী সার্কেলের দায়িত্ব গ্রহণের পর থেকে আমি আমার দায়িত্ব যথাযথভাবে পালন ও এই এলাকার সাধারণ মানুষকে সেবা দেয়ার পাশাপাশি আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে কাজ করেছি।

এলাকার মাদক নির্মূল, চুরি-ডাকাতি রোধ সহ সন্ত্রাসীদের নির্মূল করার চেষ্টা করেছি। আলফাডাঙ্গা উপজেলার মানুষ আমাকে সকল ক্ষেত্রে সহযোগিতা করেছে।

## প্রবাসীদের ফেসবুক পেজের সঙ্গে যুক্ত থাকার আহ্বান

*প্রথম পৃষ্ঠার পর...* কনস্যুলেট। কিন্তু বুধবার (২৬ মে) সকালে দুবাইস্থ বাংলাদেশ কনস্যুলেটের মূল ফটকে ভিড় করেন ২০ থেকে ২৫ জন সেবা প্রত্যাশী বাংলাদেশি। এদের কেউ এসেছেন প্রায় দেড় শত কিলোমিটার দূরের ফুজাইরাহ শহর, শারজা থেকে। কেউ কেউ আজমান শহরের প্রবাসী।

দৈনন্দিন সেবা কার্যক্রম বন্ধ থাকা শর্তেও ৪২ ডিগ্রি তাপমাত্রার মধ্যে তারা অপেক্ষা করতে থাকেন কনস্যুলেট বারান্দায়। অপেক্ষমান প্রবাসীদের অধিকাংশই নবায়নকৃত নতুন পাসপোর্ট সংগ্রহ করতে এসেছেন। মূলত কনস্যুলেট বন্ধ থাকার ব্যাপারে অবগত না থাকায় বিপাকে পড়েন এসব প্রবাসীরা।

বিষয়টি বাংলাদেশ প্রেসক্লাবের নজরে এলে কন-স্যুলেটের ভারপ্রাপ্ত কনসাল জেনারেল মো. সাহেদুল ইসলাম বরাবর এসব প্রবাসীদের জরুরি সেবা প্রদা-নের জন্যে অনুরোধ করা হয়। অপেক্ষমান প্রবাসী-দের বিষয়টি জানতে পেরে ছুটির দিনেও কনস্যু-লটে ছুটে আসেন ভারপ্রাপ্ত কনসাল জেনারেল মো. সাহেদুল ইসলাম। তাৎক্ষণিকভাবে খুলে দেওয়া হয় সেবা প্রত্যাশীদের জন্য কনস্যুলেটের কাউন্টার। মাত্র ৩০ মিনিটের মধ্যেই কনস্যুলেটের জরুরি সেবার আওতায় নতুন পাসপোর্ট গ্রহণ করেন অপেক্ষমান এ সব প্রবাসীরা।

এসময় সাহেদুল ইসলাম বলেন, প্রবাসী বাংলা-দেশিরা কনস্যুলেট সেবা পেতে ও সেবা সম্পর্কে যাবতীয় তথ্য জানতে সামাজিক যোগাযোগ মাধ্যমে কনস্যুলেটে ও দূতাবাসের অফিসিয়াল পেইজগুলো অনুসরণ করতে পারেন। অফিসিয়াল পেইজগুলো অনুসরণ করলে বিড়ম্বনা এড়াতে পারবেন প্রবাসীরা।

## করোনা তুই যাবি কবে?



- মোঃ ফরিদুল আলম

করোনা তুই যাবি কবে
এবার আমায় বল,
আর কত কাল ফেলাবি তুই
মোদের চোখের জল।
কাজ কর্ম সব গোল্লায় গেছে
বসেছি সবাই ঘরে
এভাবে আর কতদিন
থাকবো রে তোর ডরে।
আমরা সবাই ধর্মভীরু
কর্ম ভীরু নই।
তুই কিন্তু পাকা ধানে
দিচ্ছিস এবার মই।
একে একে দুইটি বছর
কইরা দিলি পার
একবার যদি ধরতে পারি
মটকায় দিমু ঘাড়।



## ৪৬ কোটি টাকায় ভাসমান বাড়ি

*প্রথম পৃষ্ঠার পর...* অবকাশ যাপনের জন্য তৈরি দ্বিতল এই ভাসমান বাড়িতে শয়ন কক্ষ চারটি, প্রতিটিতেই আছে অ্যাটাচড বাথ ও বারান্দা। অন্যান্য সুবিধার মধ্যে আছে কাঁচে ঘেরা সুইমিং পুল, কিচেন ও লিভিং রুম।

প্রমোদ সফরে আসা অতিথিদের পরিচর্যাকারী ও তো চাই, এমন পরিচারকদের থাকার জন্যও আছে আলাদা দুটি কক্ষ। স্বচ্ছ কাঁচের মেঝে যুক্ত এই বাড়ির মোট আয়তন ৯০০ বর্গমিটার। বিশেষ হাইড্রোলিক ইঞ্জিনের সাহ-য্যে ভাসমান এই স্থাপনাকে সহজেই এক জায়গা থেকে আরেক জায়গায় নিয়ে যাওয়া যায়। সীগেটের দাবি, তারা আন্তর্জাতিক সুরক্ষা মান নিশ্চিত করেই এটি তৈরি করেছে।

বাড়িটির সব কিছু সুক্ষভাবে পরিচালনা করে একটি স্বয়ংক্রিয় ব্যবস্থা বা কৃত্রিম বুদ্ধিমত্তা চালিত কম্পিউটার প্রোগ্রাম। ভেতরে ও বাইরে জীবাণু মুক্তকরণের জন্যেও এমন আরেকটি ব্যবস্থা আছে।

ভাসমান বাড়ি সৌরশক্তি চালিত, রয়েছে সর্বাধুনিক প্রযু-ক্তির মাধ্যমে বর্জ্য মিশ্রিত পানি পরিশোধনের ব্যবস্থা। প্রথম বাড়িটি রাস আল খায়মাহ অঞ্চলের আল হামরা বন্দর থেকে সাগরে লঞ্চ করেছে সীগেট। একে নিয়ে যাওয়া হবে দুবাইয়ের অভিজাত এলাকা জুমেরিয়াহ উপকূলে, সেখানেই এটি স্থায়ীভাবে অবস্থান করবে। সীগেট শিপইয়ার্ডের মূখ্য নির্বাহী মোহাম্মদ এলবাহরাওয়ি জানান, আঞ্চলিক-ভাবে পর্যটন ও বিনিয়োগের একটি বড় কেন্দ্র হওয়ার কারণেই দুবাইকে লক্ষ্য করে তারা এই প্রকল্প হাতে নেন।

দুবাইয়ের আকর্ষনীয় অর্থনৈতিক নীতিমালার সুবিধা এবং উন্নত অবকাঠামোও তাদের সিদ্ধান্তকে প্রভাবিত করে। মূল প্রকল্পে থাকবে ১৫৬টি বিলাসবহুল স্যুইট ও সাধারণ কামরার একটি দৃষ্টিনন্দন হোটেল। তার চারপাশে থাকবে ১২টি ভাসমান আবাসন স্থাপনা।

এলবাহরাওয়ি বলেন, ৮৭ কোটি দিরহাম মূল্যের প্রকল্পটির বাকি ইউনিট নিকট ভবিষ্যতে লঞ্চ করা হবে এবং ২০২৩ সালের প্রথম প্রান্তিকেই প্রকল্পের কাজ শেষ করার লক্ষ্য রয়েছে। সম্প্রতি লঞ্চ করা প্রথম ইউনিটটি কিনেছেন দুবাই-ভিত্তিক এক ব্যবসায়ী বালভিন্দার সাহানি। স্থানীয় ভাবে, আবু সাবাহ নামেও পরিচিত এই ধনকুবের এজন্য ২ কোটি দিরহাম বা ৪৬ কোটি টাকা দাম দিয়েছেন।

## হজ্বের সুযোগ পাবেন ৬০ হাজার মানুষ

সৌদি আরবের স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, দেশের বাইরে থেকে ৪৫ হাজার ব্যক্তিকে হজ্ব পালনের সুযোগ দেওয়া হবে। আর সৌদি আরবের অভ্যন্তরীণ ১৫ হাজার ব্যক্তিকে হজের অনুমতি দেওয়া হতে পারে।

সৌদি আরব ১৭ মে থেকে আন্তর্জাতিক বিমান চলাচলের নিষেধাজ্ঞা প্রত্যাহার করেছে। তবে এ বছর (২০২১ সালের) ১৭-২২ জুলাই পবিত্র হজ্ব হওয়ার কথা রয়েছে।

*হজ্বের জন্য যে বিষয়গুলো বাধ্যতামূলক থাকবে:*
১. আভ্যন্তরীণ ও বিদেশি মিলে শুধু ৬০ হাজার ব্যক্তিকে হজের অনুমতি দেবে। ২. হজ্ব পালনকারীদের বয়স ১৮-৬০ এর মধ্যে হতে হবে। ৩. হজ পালনকারীকে অবশ্যই সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। ৪. হজ পালনকারীদের এ বিষয়টি প্রমাণপত্র সহ নিশ্চিত করতে হবে যে, হজের আগের ৬ মাস কোনো অসুস্থতায় হাসপাতালে ছিলেন না। ৫. হজে যাওয়ার আগে অবশ্যই করোনা ভাইরাসের টিকার দুটি ডোজ সম্পন্ন করার প্রমাণপত্র সংগ্রহের রাখতে হবে। ৬. গ্রহণ করা টিকা সৌদি আরবের স্বাস্থ্যমন্ত্রণালয় কর্তৃক স্বীকৃত হতে হবে। ৭. বিদেশিদের হজে আসার সঙ্গে সঙ্গে ৩ দিন কোয়ারেন্টাইন করতে হবে। ৮. টিকার প্রথম ডোজ অবশ্য ঈদুল ফিতরের আগে নিতে হবে। এবং দ্বিতীয় ডোজ সৌদিতে পৌঁছার ১৪ দিন আগে নিতে হবে।
৯. পাশাপাশি করোনা সংক্রমণ রোধে সামাজিক দূরত্ব ও মাস্ক পরিধান নিশ্চিত করাসহ সব ধরনের স্বাস্থ্যবিধি সর্বাত্মকভাবে অনুসরণ করতে হবে।

এছাড়াও হারামাইন শরিফাইনের টুইটারে হাজিদের পা-লনীয় নির্দেশনাবলি উল্লেখ করা হয়েছে। হজ্বের স্থানে পৌঁছার আগে, হোটেলে পৌঁছার পর, আরাফার ময়দান ও মসজিদুল হারাম অবস্থানকালের হাজিদের করণীয় সম্পর্কে গুরুত্বপূর্ণ দিকনির্দেশনাও দিয়েছে দেশটির স্বাস্থ্য মন্ত্রণালয়।

## স্বাস্থ্যবিধি নেই স্বাস্থ্যমন্ত্রীর অনুষ্ঠানে

**ব্যাক ফাঙ্গাস নিয়ে আতঙ্কের কিছু নেইঃ** স্বাস্থ্যমন্ত্রী'র "গণমাধ্যম কর্মীদের করণীয়" বিষয়ে বলতে গিয়ে জ্যেষ্ঠ সাংবাদিক জি টিভি ও সারাবাংলা'র প্রধান সম্পাদক সৈয়দ ইশতিয়াক রেজা বলেন, পৃথিবীর অন্যান্য দেশে যে কোনও অনুষ্ঠান কাভারে কীভাবে কোথায় দাঁড়িয়ে করবেন তা নির্ধারণ করা থাকে বিশেষতঃ ক্যামেরা পারসনদের জন্য, আমাদের এখানে এটা করা হয় না, ফলে এ ধরনের পরিস্থিতি তৈরি হয়, যা কোনোভাবেই কাম্য নয়। এটা এমন কোনও অনুষ্ঠান না যে সব টেলিভিশন সেখানে যেতে হবে, এসব ক্ষেত্রে আমাদের সমন্বিতভাবে কাজ করার জায়গা তৈরি করতে হবে। তা না হলে যারা স্বাস্থ্যবিধি, সামাজিক দূরত্ব বিষয়গুলো নিয়ে বলছেন, তাদের কথা মানুষ শুনবে কেন?

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্বাস্থ্যসেবা বিভাগের সচিব লোকমান হোসেন, স্বাস্থ্য শিক্ষা বিভাগের সচিব মো. আলী নূর, স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক এ বি এম খুরশীদ আলম, ঢাকা মেডিক্যাল কলেজের অধ্যক্ষ অধ্যাপক টিটোমিয়া, স্বাধীনতা চিকিৎসক পরিষদ-'স্বাচিপ'র মহাসচিব এম এ আজিজ, ঢামেক পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল নাজমুল হক প্রমুখ।

এদিকে স্বাস্থ্যবিধি না মানার বিষয়ে স্বাধীনতা চিকিৎসক পরিষদের (স্বাচিপ) নতুন কেন্দ্রীয় কমিটির সভাপতি বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যা-লয়ের (বিএসএমএমইউ) মৌলিক বিজ্ঞান অনুষদের ডিন এম ইকবাল আর্সলান বলেন, আমরা সব দায় সাধারণ মানুষকে দিয়ে দিই। আমরা বারবারই বলছি। যাদের দেখে মানুষ শিখবে, যারা মানুষকে সতর্ক থাকতে বলছেন, সবার আগে তাদেরকে সতর্ক হতে হবে। না হলে মানুষ শিখবে কেন? এ ধরনের অনুষ্ঠানে ছবি তোলার জন্য ধাক্কাধাক্কির ঘটনাও ঘটে। আমি সেই কারণেই এখন আর যেতে চাই না।

এর আগে গত ২৭ এপ্রিল সকালে মহাখালীর বিসিপিএস প্রাঙ্গণে ভ্যাকসিন ইস্যু ও সমসাময়িক নানা বিষয়াদি নিয়ে প্রেস ব্রিফিংয়ের আয়োজন করা হয়। সেখানে নানা প্রশ্নের উত্তর দেন স্বাস্থ্য মন্ত্রী জাহিদ মালেক। অনুষ্ঠানে স্বাস্থ্যবিধি বজায় রেখে সাংবাদিকদের বসার ব্যবস্থা করা হয়। তাছাড়া মন্ত্রীর মঞ্চের চারপাশ ঘিরে রাখা হয়, যাতে সেখানে কেউ ভিড় করতে না পারেন। করোনাভাইরাসের শুরুর সময়ে সমালোচনার মুখে পড়ে এই ব্যবস্থা নেওয়া হয়েছিল।



স্বাস্থ্যকর, কোলাহল মুক্ত ও মনোরম পরিবেশে
২৪ ঘন্টা মান-সম্পন্ন চিকিৎসা সেবা প্রদানে
আলফাডাঙ্গায় প্রথম...
আধুনিক চিকিৎসা সেবা
নাজমা মেডিকেয়ার
আর.এম.সেন্টার, কলেজ রোড, আলফাডাঙ্গা, ফরিদপুর
মোবাইলঃ ০১৭ ৫৮৬৮ ৯৫১৫


## বেনাপোল বন্দরে মতবিনিময় সভা অনুষ্ঠিত

*শেষ পৃষ্ঠার পর..* যশোর জেলার সহঃ কমিশনার কাজী আতিকুর রহমান, শার্শা উপজেলা নিবাহী অফিসার মীর আলিফ রেজা ,শার্শা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) রাসনা শারমিন মিথি, বেনাপোল থানার অফিসার ইনচার্জ মো. মামুন খান, বেনাপোল ইমিগ্রেশন ওসি তদন্ত মুজিবুর রহমান, শার্শা উপজেলা স্বাস্থ্য কমেপেক্স কর্মকর্তা ইউছুফ আলীসহ স্থানীয় গনমাধ্যমকর্মী।

এ সময় প্রধান অতিথি বলেন, ভারত থেকে যে সকল আমদানীকৃত পণ্যের ট্রাক ড্রাইভার ও হেলপার এদেশে প্রবেশ করছে ও বাংলাদেশ থেকে যে সকল ড্রাইভার ও হেলপার ওপাড়ে যাই তাদের গতিবিধি পর্যবেক্ষন সহ স্বাস্থ্য ঝুঁকির কথা আমরা চিন্তা করে কিভাবে এদের কে টিকার আওতায় আনা যায় সে সকল বিষয়গুলো আমরা ওয়ার্ক আউট করেছি। সারা দেশের মানুষ আতংকে ছিল যে বেনাপোল ও দর্শনা বন্দর দিয়ে যে সকল পাসপোর্ট যাত্রীর এসেছে তাদের মাধ্যমে ভারতীয় ভেরিয়েন্ট ছড়িয়ে পড়তে পারে ও সবাইকে স্বাস্থ্য ঝুঁকিতে ফেলতে পারে। কিন্তু আমরা এই কোয়ারেন্টাইন নিশ্চিত করার মাধ্যমে দেশবাসীকে আশ্বস্ত করতে চাই এ দুটি বন্দর দিয়ে ভারতীয় ভেরিয়েন্ট ছড়িয়ে পড়ার কোন আশঙ্কা নেই।




আজ আকাশটা কালো মেঘে ঢাকা। অনেক বৃষ্টি বয়ে চলছে। চিলেকোঠা বাড়িটির সামনে অনেক ভিড় জমেছে। এই বাড়িটি ভুতুড়ে চিলেকোঠা নামে পরিচিত। কারণ, এই বাড়িটিতে আগে অনেক রহস্যময় ঘটনা ঘটতে দেখা গেছে। এই প্রসঙ্গে একটু পরেই বলছি। আজ এই বাড়িটির সামনে ভিড় জমার কারণ হচ্ছে বাড়িটিতে এক নব দম্পতি খুবই রহস্যজনক ভাবে মারা গেছে। ছেলেটির নাম ছিল তনুস এবং মেয়েটির নাম প্রাপ্তি। দুজনে কলকাতায় ঘুরতে এসেছিল আজ থেকে প্রায় ৬ দিন আগে। তারা এই বাড়িটি ভাড়া নিয়েছিল সাত দিনের জন্য। আজ তাদের চলে যাওয়ার কথা ছিল। কিন্তু আজ তনুস কে মৃত অবস্থায় পাওয়া গেছে চিলেকোঠা বাড়ির ছাদে। তার চারপাশে কাঁচের টুকরো পড়েছিল এবং প্রাপ্তিকে পাওয়া গেছে বাথরুমের বাথটাবে। তার হাতের কাছে একটি ঘড়ি পড়েছিল যা কিনা উল্টো দিকে ঘুরছিল। আর সবচেয়ে আশ্চর্য জনক ঘটনা ছিল যে, বাথরুমের দেয়ালে রক্ত দিয়ে লেখা ছিল, "চলে যাও"....!!!

ওই বাড়িতে একজন মালি ছিল যে কিনা এই বিশাল বড় বাড়িটির দেখাশোনা করতো আরবাগানের পরিচর্যা করত তার নাম ছিল লুকমান। আর ছিল ১৬ বছর বয়সী একটি মেয়ে, নাম ছিল চুমকি।

ছোট থাকতেই চুমকির মা মারা যায় এবং চুমকির বাবা আরেকটা বিয়ে করে নেয় আর চুমকিকে চিলেকোঠা বাড়িটির সামনে রেখে যায়। তখন থেকেই চুমকি এ বাড়িতেই থাকে। তবে চুমকির বাবার আর কোনো খোঁজ পাওয়া যায়নি। সে কখনো আর চুমকিকে দেখতেও আসেননি। লোকমান চুমকিকে নিজের মেয়ের চোখেই দেখতো। তনুস ও প্রাপ্তির মৃত্যুর ঘটনাটি আত্মহত্যা নয় বরং এটির পিছনে কোনো এক রহস্য লুকিয়ে আছে এটি মনে করেন বিন্দু প্রসাদ। তিনি বিভিন্ন রহস্যের উদ্ঘাটন করেন।

এছাড়া তিনি একজন সাহিত্যিক। তার বয়স প্রায় ৪২ এর কাছাকাছি। কিন্তু তিনি এখনো অব্দি বিয়ে করেননি। তিনি যখন তনুস ও প্রাপ্তির ঘটনাটি জানতে পারেন তখন তিনি সেই চিলেকোঠা বাড়িটি দেখতে চান এবং ওখানে থাকার ইচ্ছা পোষণ করেন, তবে ওখানের পুলিশ শুভঙ্কর রায় তাকে বাধা দেন আর বলেন যে, এটি ভুতুড়ে বাড়ি। এখানে প্রায়ই এরকম ঘটনা ঘটে থাকে। শুধু শুধু মাথা ঘামিয়ে সময় বরবাদ করার দরকার নেই। তাই বিন্দু প্রসাদ শুভঙ্কর রায় কে অনেক জোর জবরদস্তি করে তাকে মানিয়ে নেয় এবং তার পরের দিন বিন্দুপ্রসাদ ও তাঁর সহকর্মী অভিনেশ কে নিয়ে ওই বাড়িতে থাকতে চলে যান।

লোকমানের শোবার ঘর ছিল বাড়িটির নিচতলায়। আর চুমকির শোবার ঘরটি ছিল রান্নাঘরের পাশের ঘরটি। লোকমান বিন্দু প্রসাদ ও অভিনেশকে উপরের তলায় থাকতে দেন। যে ঘরটিতে তনুস ও প্রাপ্তি থাকত তার পাশের ঘর। তখন বিন্দু প্রসাদ বলেন যে, যেই ঘরটিতে তনুস ও প্রাপ্তি থাকতো আমি ওই ঘরটিতে থাকতে চাই। এটি শুনে অভিনেশ বলে উঠে...

অভিনেশঃ স্যার! কি বলছেন? এমনিতেই আমার খুব ভয় করছে। ওই ঘরে তো এখনো ওদের প্রেতাত্মা ঘুরছে। যদি আমাকে আবার কিছু করেবসে ওই প্রেতাত্মারা।

বিন্দু প্রসাদঃ আরে বোকা, কিছুই হবে না; আমি আছি তো। আর ভুত-প্রেত এগুলো কিছুই নেই।

অভিনেশঃস্যার! আমার জানের ভয়ে আছে। এমনিতেই তো এটা ভুতুড়ে বাড়ি তার উপর আবার মাত্র কয়েক দিন হলো ওরা এই বাড়িতেই মারা গেছে। চল্লিশ দিনও পুরোয় নেই। তার মানে ওদের আত্মা এখানেই আছে।

বিন্দু প্রসাদঃ ধুর বোকা! [রাগান্বিত হয়ে]। তুই আসবি কিনা? আমি গেলুম।

অভিনেশঃ আমার কপালটাই খারাপ।

তারপর দুজনে ওই ঘরে তাদের জিনিসপত্র নিয়ে গেল। রাতে খাবার টেবিলে বিন্দু প্রসাদ ও অভিনেশ বসলেন।

***(বাকী ২য় পর্বে...)***

## 'তালিকভুক্ত আলবদরের নাম মুক্তিযোদ্ধা তালিকায়' মত্যুর পর রাষ্ট্রীয় সম্মাননা নিবেননা যুদ্ধকালীন কমান্ডার

*প্রথম পৃষ্ঠার পর...* আর যারা উপজেলা যাচাই বাছাই কমিটির সুপারিশকৃত 'ক' মঞ্জুর তালিকায় অন্তর্ভুক্ত হয়েছেন তাদের নাম এখনো মুক্তিযোদ্ধা তালিকায় গেজেট ভুক্ত হয়নি। এসব অভিযোগ নিয়ে 'ক' তালিকাদের গেজেটভুক্ত করা ও অমুক্তিযোদ্ধাদের গেজেট থেকে বাদ দেওয়ার দাবিতে বোয়ালমারী থ ানা রোডের উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে সংবাদ সম্মেলন করেছেন যুদ্ধকালীন বোয়াল মারীর গোহাইল বাড়ি ক্যাম্পের কমান্ডার বীর-মুক্তিযোদ্ধা আলাউদ্দিন আহমেদ।

তিনি লিখিত বক্তব্যে বলেন, ৭১'র শান্তি কমিটি, রাজাকার, আলবদর, আলশামস মুক্তিকামী বাঙালি রবিরুদ্ধে অস্ত্র ধরেছিলো। সে সময় একদিকে ছিলো দেশ স্বাধীনকরার শক্তি অপরদিকে ছিলো মুক্তিযুদ্ধের বিরোধী শক্তি। তিনি বলেন, বোয়ালমারী উপজেলার ঘোষপুর ইউনিয়নের গোহাইল বাড়িগ্রামের মো. সিরাজুল ইসলাম ও একে এম ফজলুর রহমান এর নাম আলবদর তালিকা, ১৯৭২ সালের বোয়ালমারী থানার মামলা নম্বর-১৩(৯), ১৯৭২।

এদের নাম সহ আরো কয়েকজনের নাম আলবদরের তালিকায় জামুকার ওয়েবসাইটেও প্রকাশ হয়েছে। এছাড়া ঘোষপুর ইউনিয়নের গোহাইলবাড়ি গ্রামের মো. বজলুর রহমান ও চতুল ইউনিয়নের হাসামদিয়া গ্রামের আবু দাউদ মোল্যা মুক্তিযুদ্ধ নাকরেও মুক্তিযোদ্ধা হয়েছেন। এসব লোকজন আবারো মুক্তিযোদ্ধা সমন্বিত তালিকায় কিভাবে অন্তর্ভূক্ত হয়?

এ বিষয়ে বিষ্ময় প্রকাশ করে আলাউদ্দিন আহমেদ বলেন, 'যতদিন মুক্তিযোদ্ধা তালিকা থেকে আলবদর, আলশামস ও রাজাকারদের নামবাদ না দেওয়া না হবে; এর আগে যদি আমার মৃত্যু হয়, তাহলে আমাকে যেন রাষ্ট্রীয় সম্মানে দাফন করা না হয়'।

এ সময় আরো বক্তব্য রাখেন, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের সদ্য সাবেক কমান্ডার অধ্যাপক আব্দুররশিদ, ডেপুটি কমান্ডার সিদ্দিকুর রহমান, বীর মুক্তিযোদ্ধা জহরুল হক, বীর মুক্তিযোদ্ধা রফিকুল ইসলাম, পৌর আওয়ামীলীগের সভাপতি বীরমুক্তি যোদ্ধা আব্দুল আলিম মোল্যা প্রমুখ।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধাগণ সহ বিভিন্ন ইউনিয়নের কমান্ডারবৃন্দ।